রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১২, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

শাখা-২

## প্রজ্ঞাপন

তারিখ, ১২ই জুলাই ১৯৯৪/২৮শে আষাঢ় ১৪০১

এস, আর, ও নং ২৪১-আইন/৯৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা গৃহসংস্থান অধিদপ্তরের উন্নয়ন প্রকল্প (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা কোন পদে নিয়োগের ব্যাপারে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;



মূল্যঃ টাকা ২·০০

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ,

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা ;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত ইনষ্টিটিউট" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড বা ইনষ্টিটিউট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড বা ইনষ্টিটিউট।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বিধান বর্ণিত এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর বিধান মোতাবেক পদ সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্ন বিবৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথাঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ; এবং

(খ) বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা প্রবর্তনের পূর্বে কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে নিয়োগ করা হইয়া থাকিলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন সময়ের জন্য তাহার বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি,

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন;

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজিন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি সহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। শিক্ষানবিসি।—(১) কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ এইরূপে এক বা একাধিক বারে সম্প্রসারণ করিতে পারে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে তাহার আচরণ বা কাজকর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসি মেয়াদ বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ বা কাজকর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে।

## তফসিল

বিধি ২(খ) দ্রষ্টব্য

| ক্রমিক নং | পদের নাম: | বয়স সীমা: | নিয়োগ পদ্ধতি: | যোগ্যতা: |
|---|---|---|---|---|
| ১। | সাঁট-লিপিকার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং প্রতি মিনিটে সাঁট-লিপি লিখনে ইংরেজীতে ১০০ ও বাংলায় ৭০ এবং মুদ্রাক্ষরিক লিখনে বাংলায় ৩০ ও ইংরেজীতে ৩৫ শব্দের গতি। |
| ২। | নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক | ঐ | ঐ | স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ ও বাংলায় ২০ শব্দের গতি। |
| ৩। | হিসাব সহকারী | ঐ | নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক হইতে বদলীর মাধ্যমে অথবা সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে (বাণিজ্য) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪। | ইন্সপেক্টর | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫। | এষ্টিমেটর/ উপ-সহকারী প্রকৌশলী। | ঐ | ঐ | স্বীকৃত ইনিষ্টিটিউট হইতে ডিপ্লোমা-ইন-সিভিল ইঞ্জিনিয়ারিং। |
| ৬। | নক্শাকার-১ম মান | ঐ | ঐ | স্বীকৃত ইনষ্টিটিউট হইতে ডিপ্লোমা-ইন-আর্কিটেকচার বা সমমানের সার্টিফিকেট অথবা স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সহ স্বীকৃত ইনষ্টিটিউট হইতে সিভিল বা আর্কিটেকচার ব বিল্ডিং ড্রাফটিং এ সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট কাজে ১০(দশ) বৎসরের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭। | নকশাকার-৩য় মান | ঐ | ঐ | স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত ইনষ্টিটিউট হইতে সিভিল বা আর্কিটেকচার বা বিল্ডিং ড্রাফটিং এ সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৮। | কমিউনিটি ডেভেলপমেন্ট এসিসটেন্ট। | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত বোর্ড হইতে মানবিক শাখায় সমাজ বিজ্ঞান বিষয়সহ দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯। | ড্রাইভার | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাস এবং বৈধ লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালানোর অভিজ্ঞতা। |
| ১০। | এম, এল, এস, এস | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাস। |
| ১১। | চৌকিদার/পাহারাদার/ নাইট গার্ড | ৩০ বৎসর। তবে সেনাবাহিনী অবসর প্রাপ্ত সদস্যদের ক্ষেত্রে ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | | অষ্টম শ্রেণী পাস। |
| ১২। | সুইপার | ৩০ বৎসর | ঐ | অষ্টম শ্রেণী পাস। পেশাগত সুইপার শ্রেণী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম, এ, হাকিম
সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।